

অঙ্গীকারনামা

বরাবর,

সভাপতি/মহাসচিব

এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (আটাব)।

সান্তারা সেন্টার, ৩০/এ, ১৬ তলা, নয়া পল্টন, ভিআইপি রোড, ঢাকা।

আমি নিম্নস্বাক্ষরকারী [নাম]..... [পদবি].....

জাতীয় পরিচয়পত্র নং-

[এজেন্সির নাম]..... ঠিকানাঃ

এই মর্মে অঙ্গীকার করছি যে,

১. বিক্রয়লব্ধ এয়ার টিকেট হতে প্রাপ্ত কমিশন থেকে যে কোন ব্যক্তি/গ্রাহক/প্রতিষ্ঠান/কর্পোরেট হাউজ ইত্যাদি কাউকেই ছাড় না দিয়ে সম্পূর্ণ কমিশন ও ইনসেনটিভ সংরক্ষণ করবো। কোন ব্যক্তি/প্রতিষ্ঠান কারও সাথেই কমিশন/ইনসেনটিভ ছাড় প্রদান সংক্রান্ত চুক্তিতে আবদ্ধ হবো না। কোন ক্রমেই এর ব্যত্যয় ঘটাবো না।
২. শুধুমাত্র বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় অনুমোদিত ও আটাব সদস্য বৈধ ট্রাভেল এজেন্সির সাথে টিকেট বিক্রয়ের ক্ষেত্রে প্রাপ্ত কমিশন সর্বোচ্চ ৫% এর বেশি ছাড় (Sharing) প্রদান করবো না। অবশ্যই ঐ সকল এজেন্সির সরকার প্রদত্ত বৈধ লাইসেন্স ও আটাবের সদস্য সংক্রান্ত সনদ-এর কপি সংরক্ষণ করবো।
৩. আমার/আমাদের প্রতিষ্ঠান যদি কোন ইনসেনটিভ প্রাপ্য হয়, তা কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা কোন ট্রাভেল এজেন্সির সাথে নগদে বা মাসিক/বাৎসরিক কোন প্রকারে ভাগাভাগি/বন্টন করবো না বা ছাড় দিবো না।
৪. নেট ফেয়ার/বাজেট ক্যারিয়ার/Corporate Deal-এর ক্ষেত্রে অবশ্যই ৭% কমিশন যোগ করে টিকেট বিক্রয় করবো।
৫. এসএমএস/ই-মেইল, ওয়েবসাইট সহ সকল প্রচার/যোগাযোগ মাধ্যমে এয়ারলাইন্স কর্তৃক নির্ধারিত ভাড়ার নিচে বিশেষ ছাড় দিয়ে টিকেট বিক্রয় ও বিপণন না করা সহ প্যাকেজ মূল্য উল্লেখ করবো না।
৬. আমার/আমাদের এজেন্সির টিকেট আমার/আমাদের সাব-এজেন্ট, স্টাফ বা অন্য কোন মাধ্যমে অতিরিক্ত কমিশন ছাড় দিয়ে বিক্রি করলে তার দায়-দায়িত্ব আমি/আমাদের প্রতিষ্ঠান বহন করতে বাধ্য থাকবো।

৭. কোন প্রকার জিডিএস/পোর্টালের আইডি কোন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে প্রদান করবো না। Cash Back Offer, অতিরিক্ত ছাড় দিয়ে Advertisement ও টিকেট বিক্রয় করবো না।

৮. নাম, পাসপোর্ট, ও ভিসা ছাড়া কোন টিকেট বুকিং করবো না।

৯. বিদেশী পোর্টালের এপিআই ও আইডি অবৈধভাবে ব্যবহার করে টিকেট বিক্রয় করবো না।

১০. ট্যুরিষ্ট ভিসা দিয়ে মানব পাচারের কাজে লিপ্ত থাকবো না।

১১. কোন ধরনের অর্থ পাচারের কাজে যুক্ত থাকবো না।

আটাব কর্তৃপক্ষ বা আটাব কর্তৃক গঠিত কমিটি প্রয়োজনে আমার প্রতিষ্ঠান পরিদর্শন করলে আমার কোন আপত্তি থাকবে না। অঙ্গীকারনামায় উল্লেখিত বিষয় সহ আটাব আচরন বিধি ভঙ্গ করে ব্যবসা পরিচালনা করলে আচরণ বিধির ৬ (২) ধারা অনুযায়ী আমার/আমাদের প্রতিষ্ঠানের জিডিএস আইডি বন্ধ, আটাব সদস্যপদ, ট্রাভেল এজেন্সি লাইসেন্স বাতিলের ব্যবস্থা গ্রহণসহ আটাব আমার/আমাদের প্রতিষ্ঠানের বিরুদ্ধে যে কোন পদক্ষেপ গ্রহন করলে আমি/আমাদের প্রতিষ্ঠানের কোন প্রকার ওজর আপত্তি থাকবে না এবং করলে তা সর্ব আদালতে অগ্রাহ্য হবে।

আমি স্ব-জ্ঞানে, সুস্থ মস্তিষ্কে, অন্যের বিনা প্ররোচনায় অঙ্গীকারনামার বিষয়বস্তু সম্যক অবগত হয়ে ও বুঝে নিজ নাম স্ব-হস্তে স্বাক্ষর করলাম।

তাঃ

স্বাক্ষরঃ

নামঃ

পদবিঃ

এজেন্সির নামঃ ।